

2016

BENGALI

[HONOURS]

Paper : VI

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : $৮ \times ২ = ১৬$
- ক) 'নির্ব্বারের স্বপ্নভঙ্গ' কবিতাটি রচনা প্রসঙ্গে রবীন্দ্রনাথ তাঁর কোন্ জীবনীগ্রন্থের কোন্ অধ্যায়ে আলোচনা করেছেন?
- খ) "গর্বে যারা অন্ধ তোমার সূর্যহারা অরণ্যের চেয়ে।" — গর্বে কারা অন্ধ? 'সূর্যহারা অরণ্য' বলতে কী বোঝানো হয়েছে?
- গ) 'প্রাচীন সাহিত্য' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? এতে মোট কটি প্রবন্ধ বর্তমান?
- ঘ) "সীতার অশ্রুজলে উর্মিলা একেবারে মুছিয়া গেল।" — প্রসঙ্গ উল্লেখ করো।
- ঙ) "একে তপোবনের বাহিরে, তাহাতে খণ্ডিতা শকুন্তলা — চেনা কঠিন হইতে পারে।" — শকুন্তলাকে 'খণ্ডিতা' বলা হয়েছে কেন?
- চ) 'মেঘ ও রৌদ্র' গল্পটির কয়টি পরিচ্ছেদ? গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ছ) "হঠাৎ মনে পড়িল, তাঁহার কোর্ফা প্রজা দুখির অনেক টাকা খাজনা বাকি;" — কার একথা হঠাৎ মনে পড়েছে? 'কোর্ফা প্রজা' বলতে কী বোঝ?

[Turn over]

- জ) 'পোস্টমাস্টার' গল্পে পোস্টমাস্টার শেষ পর্যন্ত রতনকে নিয়ে যায় নি কেন?
- ঝ) 'সাহিত্য' প্রবন্ধগ্রন্থটির প্রকাশ সাল লেখো। 'সাহিত্য' কী ধরনের প্রবন্ধগ্রন্থ?
- ঞ) "অতএব চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ।" — চিত্র এবং সংগীতের কী ভূমিকা দুটি বাক্যে লেখো।
- ট) "Truth is beauty, beauty truth"—একথা কোন্ আধুনিক কবির? কথটির বাংলা অনুবাদ করো।
- ঠ) "নগরীর নটা চলে অভিসারে যৌবনমদে মত্তা" — কোন্ নগরীর নটা? নটার নামটি লেখো।
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৬ = ৩৬$
- ক) "তাদের বনে বারে শ্রাবণ-ধারা, আমার বনে কদম ফুটে ওঠে।" — 'তাদের বন' বলতে কাদের বনের কথা বলা হয়েছে? কবিতাটিতে নম্র প্রেম, সুখ ও আনন্দের যে সুন্দর চিত্র প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লেখো। $১+৫=৬$
- খ) "সমুদ্র পারে সেই মুহূর্তেই তাদের পাড়ায় পাড়ায় মন্দিরে বাজছিল পূজার ঘণ্টা।" — তাদের 'পাড়ায় পাড়ায়' বলতে কাদের কথা বলা হয়েছে? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। $১+৫=৬$
- গ) রবীন্দ্রনাথের 'আমি' কবিতাটি থেকে 'আমি'-র তাৎপর্য লেখো। কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের? $৫+১=৬$
- ঘ) "চন্দ্রা কহিল, 'মরণ!' — কোন্ প্রসঙ্গে চন্দ্রার এই উক্তি? উক্তিটির তাৎপর্য লেখো। $২+৪=৬$

- ঙ) “আমার সমস্ত ইহজীবনে কেবল ক্ষণকালের জন্য একটি অনন্তরাত্রির উদয় হইয়াছিল।” — কোন্ গল্পের অংশ? ক্ষণকালকেই একটি অনন্তরাত্রি বলে গল্পকথকের কেন মনে হয়েছে আলোচনা করো। $1+5=6$
- চ) ‘মেঘ ও বৌদ্ধ’ গল্পটি থেকে শশিভূষণের প্রতিবাদী চরিত্রটির একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করো। 6
- ছ) “প্রয়োজনের সম্বন্ধে আমাদের দৈন্য, আমাদের দাসত্ব; আনন্দের সম্বন্ধেই আমাদের মুক্তি।”
— কোন্ প্রবন্ধের অংশ? প্রবন্ধ অনুসরণে প্রয়োজনের সম্বন্ধ ও আনন্দের সম্বন্ধের তাৎপর্য লেখো। $1+5=6$
- জ) “ভাবের আবেগে ভাষায় একপ্রকার বিহুলতা জন্মে।” — কোন্ প্রবন্ধ থেকে উদ্ধৃত? যে সব উদাহরণের সাহায্যে ভাবের আবেগে ভাষার বিহুলতা দেখানো হয়েছে তার যে কোনো দুটি আলোচনা করো। $1+5=6$
- ঝ) “পত্রলেখা পত্নী নহে, প্রণয়িনীও নহে, কিংকরীও নহে, পুরুষের সহচরী।” — এই পুরুষটি কে? পুরুষের সহচরী হয়ে থেকে পত্রলেখা কীভাবে কাব্যে উপেক্ষিতা থেকে গেল সংক্ষেপে লেখো। $1+5=6$
- ঞ) রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ কবিতা ও তাঁর ‘মেঘদূত’ প্রবন্ধের মধ্যে সংযোগ রয়েছে কি না বিচার করো। 6
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $8 \times 12 = 84$
- ক) “হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোনখানে।”
— কোন্ কবিতা থেকে উদ্ধৃত? কবিতাটি কোথায় লেখা? কবিতাটিতে গতিভাবনার পরিচয় দাও। $1+1+10=12$

- খ) ‘সাধারণ মেয়ে’ কবিতায় সাধারণ মেয়ের অসাধারণত্ব কোথায় তা বিশ্লেষণ করো। ‘শরৎবাবু’ কে? $10+2=12$
- গ) অতিপ্রাকৃত ছোটগল্প বলতে কী বোঝ? রবীন্দ্রনাথের ‘নিশীথে’ একটি অতিপ্রাকৃত ছোটগল্প কি না আলোচনা করো। $2+10=12$
- ঘ) ‘স্ট্রীর পত্র’ গল্পটি কখন কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? রবীন্দ্রনাথের ছোটগল্পের ধারায় ‘স্ট্রীর পত্র’ গল্পটির ভূমিকা স্পষ্ট করো। $2+10=12$
- ঙ) ‘রামায়ণ’ প্রবন্ধে বিধৃত রবীন্দ্রনাথের বক্তব্য উপস্থাপন করো। 12
- চ) “লতার সহিত ফুলের যেরূপ সম্বন্ধ, তপোবনের সহিত শকুন্তলার সেইরূপ স্বাভাবিক সম্বন্ধ।” — শকুন্তলার সঙ্গে তপোবনের যে সহজ সম্বন্ধের কথা ‘শকুন্তলা’ প্রবন্ধে আছে তা আলোচনা করো। শকুন্তলা কোন্ সংস্কৃত কবির, কোন্ নাটকের চরিত্র? $10+2=12$
- ছ) “জ্ঞানের কথা একবার জানিলে আর জানিতে হয় না। ... কিন্তু ভাবের কথা বার বার অনুভব করিয়া শান্তিবোধ হয় না।” — ‘জ্ঞানের কথা’ ও ‘ভাবের কথা’ বলতে কী বোঝ? ‘সাহিত্যের সামগ্রী’ প্রবন্ধ অনুসরণে উভয়ের পার্থক্য আলোচনা করে দেখাও। $2+10=12$
- জ) “প্রাকৃত-সত্যে এবং সাহিত্য-সত্যে এইখানেই তফাত আরম্ভ হয়।” — ‘প্রাকৃত-সত্য’ এবং ‘সাহিত্য-সত্য’ বলতে কী বোঝ? উভয়ের পার্থক্যের কথা ‘সাহিত্যের বিচারক’ প্রবন্ধ অনুসরণে লেখো। $2+10=12$